



EMBASSY OF  
THE PEOPLE'S REPUBLIC OF  
BANGLADESH  
ANDERSTORPSVAGEN 12 (1 TR.)  
SE-171 54 SOLNA, SWEDEN  
TEL: +46 8 730 58 50 -52  
FAX: +46 8 730 58 70

নং: ১৯.০১.৪৬০১.১০১.১৮.০১৮.১৯-০৯৭

তারিখ: ১৩ মার্চ ২০২০

## করোনা ভাইরাস সংক্রমণের প্রেক্ষিতে জরুরী বিজ্ঞপ্তি (৩)

এতদ্বারা সুইডেন, নরওয়ে ও ফিনল্যান্ড-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বের বিভিন্ন দেশে নভেল করোনা ভাইরাস (COVID-19) অব্যাহতভাবে ছড়িয়ে পরার প্রেক্ষিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাসকে 'Pandemic' হিসেবে ঘোষণা করেছে। এর প্রেক্ষিতে সুইডেন, নরওয়ে ও ফিনল্যান্ড-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের নিম্নলিখিত নির্দেশনাসমূহ মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে:

- নিজ ও অন্যান্য সকলের স্বাস্থ্য নিরাপত্তার কথা বিবেচনা করে অতি জরুরী প্রয়োজন ব্যতীত প্রবাসী বাংলাদেশীদের এই মুহূর্তে বাংলাদেশ সফর না করার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। মনে রাখা প্রয়োজন, ভ্রমণকালীন সময়ে করোনা ভাইরাস দ্বারা সংক্রমিত হবার সম্ভাবনা অত্যন্ত বেশি।
- প্রবাসী বাংলাদেশীদের নিজ নিজ বসবাসরত দেশের স্বাস্থ্য বিভাগ এবং অন্যান্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য, ভ্রমণ ও অন্যান্য যাবতীয় পরামর্শ এবং বিধিনিষেধসমূহ কঠোরভাবে অনুসরণ করবার অনুরোধ করা যাচ্ছে।
- প্রবাসী বাংলাদেশীদের যেকোন ভিড় এবং জনসমাগম যথাসম্ভব এড়িয়ে চলার অনুরোধ করা যাচ্ছে।
- অত্র দেশসমূহে বসবাসরত কোন বাংলাদেশী করোনা ভাইরাসে আক্রান্ত হলে দূতাবাসের হটলাইন নম্বর +৪৬০৭৬২৭০৪০৩১ -এ জানানোর জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত অতি জরুরী প্রয়োজন ব্যতীত কনস্যুলার সংক্রান্ত কাজে দূতাবাসে সশরীরে আগমনের বিষয়ে আবারো নিরুৎসাহিত করা হচ্ছে। পাসপোর্ট রিনিউয়াল, ভিসা, এনভিআর ও অন্যান্য সাধারণ সত্যায়নের জন্য পোস্টাল সার্ভিস ব্যবহারের জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়া, দূতাবাসের ফোন +৪৬৮৭৩০৫৮৫০ অথবা ইমেইল consular2@bangladeshembassy.se এর মাধ্যমে দূতাবাসের যেকোনো সার্ভিস সম্পর্কে বিস্তারিত জানা যাবে।
- বাংলাদেশ দূতাবাস প্রবাসী বাংলাদেশীদের সার্বিক কল্যাণে যথাযথ সেবা প্রদানে সর্বদা অঙ্গীকারবদ্ধ। বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে প্রবাসী বাংলাদেশীদের স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং করোনা ভাইরাসের বিস্তৃতি রোধে দূতাবাস সকলের নিকট হতে সার্বিক সহযোগিতা কামনা করছে।

